রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ২৮, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**

**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**

**বিআরটিএ সংস্থাপন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ/১০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.০২২.০৩০.১৭-৬৭—সরকার ১৫ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ/০২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ তারিখে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর **'রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭'** অনুমোদন করেছে।

২। জনস্বার্থে জারীকৃত এ নীতিমালা আগামী ০৮ মার্চ ২০১৮ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ কামরুল আহসান**
যুগ্মসচিব।



মূল্য : টাকা ১৬.০০

## 'রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭'

**প্রস্তাবনা:**

দেশের ব্যক্তি মালিকানাধীন হালকা মোটরযান যেমন মোটরসাইকেল, মোটরকার, জিপ, মাইক্রোবাস ইত্যাদি সাধারণত একজন ব্যক্তি বা একক পরিবার ব্যবহার করে থাকে। ব্যক্তি মোটরযানের এরূপ সীমিত ব্যবহারের কারণে দেশে হালকা মোটরযানের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে এবং ক্রমবর্ধমান এ সংখ্যা মহানগরীতে ব্যাপকভাবে বৃদ্ধি পেয়ে যানজট সৃষ্টি করছে। এতে জনসাধারণের মূল্যবান শ্রম-ঘন্টা ও জ্বালানির অপচয়সহ পরিবেশ ক্ষতিগ্রস্থ করছে। রাইডশেয়ারিং সার্ভিসের মাধ্যমে ব্যক্তিগত মোটরযান ব্যক্তি মালিক কর্তৃক ব্যবহারের পর অতিরিক্ত সময়ে ভাড়ার বিনিময়ে যাত্রী বহনের সুযোগ পেলে একদিকে সড়কে মোটরযানের সংখ্যা ক্রমান্বয়ে হ্রাস পাবে অন্যদিকে যানজট হ্রাসেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ব্যক্তিগত মোটরযান মালিক আর্থিক সুবিধাও পাবেন।

বিশ্বের বহুদেশে ইন্টারনেট ভিত্তিক সফটওয়্যার এপ্লিকেশনের মাধ্যমে রাইডশেয়ারিং সার্ভিস চালু করে ব্যক্তিগত মোটরযান ভাড়ায় যাত্রী বহনের কাজে নিয়োজিত রয়েছে। রাইডশেয়ারিং সার্ভিস এমন একটি পরিবহন সেবা ব্যবস্থা সেখানে ব্যক্তিগত মোটরযানের মালিক নিজের প্রয়োজন মিটিয়ে স্মার্ট ফোনের মাধ্যমে ইন্টারনেট ভিত্তিক অনলাইন এপ্লিকেশন ব্যবহার করে ব্যক্তিগত মোটরযানকে ভাড়ায় পরিচালনা করে থাকেন। এ প্রেক্ষাপটে ব্যক্তিগত মোটরযানের সংখ্যা ক্রমবৃদ্ধির প্রবণতা হ্রাস এবং যাত্রীসেবা সহজলভ্য করার উদ্দেশ্যে "রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭" প্রণয়ন করা হলো।

কর্তৃপক্ষ

'কর্তৃপক্ষ' অর্থ বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ বা বিআরটিএ।

**অনুচ্ছেদ ক: রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার শর্তাবলী**

(১) রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার জন্য বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর নিকট হতে রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানকে "রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট" এবং মোটরযানের মালিককে "রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট" গ্রহণ করতে হবে;

(২) রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানকে পূর্ণ টিআইএন (TIN) ও ভ্যাট পূর্ণ নম্বরধারী পাবলিক বা প্রাইভেট লিমিটেড কোম্পানি হতে হবে এবং পাবলিক বা প্রাইভেট লিমিটেড কোম্পানির সকল শর্তাদি মেনে চলতে হবে;

(৩) যাত্রী চাহিদা, সড়ক নেটওয়ার্কের ক্যাপাসিটি, রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের দক্ষতা, সার্ভিস প্রদানে নিয়োজিত মোটরযানের সংখ্যা ইত্যাদির ভিত্তিতে রাইডশেয়ারিং সার্ভিস অধিক্ষেত্র বিআরটিএ কর্তৃক নির্ধারিত হবে। রাইডশেয়ারিং সার্ভিস প্রতিষ্ঠানের সার্ভিস এলাকায় অফিস থাকতে হবে।

(৪) কোনো রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান রাইডশেয়ারিং সার্ভিস এর সাথে যুক্ত হতে পারবে না, যদি না উহা কর্তৃপক্ষ কর্তৃক ন্যূনতম সংখ্যক মোটরযানের সাথে চুক্তিবদ্ধ থাকে। এ ন্যূনতম সংখ্যা নিম্নরূপ:

(ক) ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এলাকা - ১০০

(খ) চট্টগ্রাম মহানগরী - ৫০

(গ) দেশের অন্যান্য মহানগর/শহর/এলাকা - ২০।

(৫) রাইডশেয়ারিং সার্ভিস এর আওতায় ব্যক্তিগত মোটরযান যেমন-মোটরসাইকেল, মোটরকার, জিপ, মাইক্রোবাস এবং এ্যাম্বুলেন্স অন্তর্ভুক্ত হতে পারবে;

(৬) রাইডশেয়ারিং সার্ভিসে ব্যবহৃত মোটরযানের প্রয়োজনীয় কাগজপত্র যেমন: রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ফিটনেস সার্টিফিকেট, ট্যাক্সটোকেন, ইনসিওরেন্স, এনলিস্টমেন্ট সার্টিফিকেট ইত্যাদি হালনাগাদ থাকতে হবে;

(৭) রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান 'এনলিস্টমেন্ট সার্টিফিকেট' প্রাপ্তির পর রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান, মোটরযানের মালিক ও চালকের মধ্যে একটি সমঝোতা চুক্তি করতে হবে, যেখানে সকল পক্ষের অধিকার এবং দায়-দায়িত্বের বিষয় উল্লেখ থাকবে। মোটরযান মালিক বা সেবাদানকারী প্রতিষ্ঠান ১ (এক) মাস পূর্বে লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে চুক্তির সমাপ্তি ঘোষণা করতে পারবে;

(৮) নির্ধারিত স্ট্যান্ড/অনুমোদিত পার্কিং স্থান ব্যতীত কোনো রাইডশেয়ারিং মোটরযান যাত্রী সংগ্রহের উদ্দেশ্যে রাস্তায় যেখানে-সেখানে অপেক্ষমান থাকতে পারবে না অর্থাৎ যাত্রী ওঠা-নামা ব্যতীত এরুপ মোটরযানকে সর্বদা চলাচলরত অবস্থায় থাকতে হবে;

(৯) এ নীতিমালার অধীন একজন মোটরযান মালিক মাত্র ১ (এক) টি মোটরযান রাইডশেয়ারিং সার্ভিস এর আওতায় পরিচালনার অনুমতি পাবেন;

(১০) ব্যক্তিগত মোটরযান রেজিস্ট্রেশন গ্রহণের পর ন্যূনতম একবছর অতিক্রান্ত না হলে রাইডশেয়ারিং সার্ভিসের আওতায় সেবা প্রদানে নিয়োজিত হতে পারবে না;

(১১) বিআরটিএ'র ওয়েব পোর্টালে রাইডশেয়ারিং প্রযুক্তি প্রতিষ্ঠানসমূহের আওতাধীন সকল মোটরযানের তালিকা শ্রেণিবদ্ধভাবে একটি মেন্যুতে রাখতে হবে। যাত্রীর অভিযোগ জানানোর সুযোগ রাখতে হবে;

(১২) রাইডশেয়ারিং সার্ভিসে ব্যবহৃত মোটরযানের দৃশ্যমান স্থানে ৯৯৯ ব্যবহারের নির্দেশিকা সম্বলিত স্টিকার প্রদর্শনের ব্যবস্থা রাখতে হবে।

**অনুচ্ছেদ খ: রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের দায়-দায়িত্ব**

(১) রাইডশেয়ারিং এপ্লিকেশনে এমন একটি এসওএস (SOS) সুবিধা রাখতে হবে, যার বোতাম স্পর্শের সাথে সাথে মোটরযান চালকের তথ্যাদি ও যাত্রির জিপিএস লোকেশন স্বয়ংক্রিয়ভাবে ৯৯৯ নম্বরে চলে যাবে;

(২) মোটরযান চালককে রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সফটওয়্যার এপ্লিকেশন ইনস্টলেশন, এর ব্যবহার ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;

(৩) যাত্রা শুরুর প্রাক্কালে একটি ভ্রমণের সম্ভাব্য ভাড়ার পরিমাণ যাত্রীগণ যাতে জানতে পারে সে সুবিধাদি রাইডশেয়ারিং এপ্লিকেশনে অন্তর্ভুক্ত করতে হবে;

(৪) এসএমএস, ই-মেইল বা অন্য কোন পদ্ধতির মাধ্যমে যাত্রীগণকে ভ্রমণ সমাপ্তির পর যাত্রী যাতে ভ্রমণ শুরু ও সমাপ্তির স্থান, ভ্রমণের মোট সময় ও দূরুত্ব, মোট ভাড়ার পরিমাণের বিবরণ পেতে পারেন সে সংক্রান্ত তথ্য ইলেক্ট্রনিক রেকর্ড এর মাধ্যমে পর্যবেক্ষণ/প্রাপ্তির সুবিধাদি রাইডশেয়ারিং এপ্লিকেশনে অন্তর্ভুক্ত করতে হবে। এই সুবিধাদি রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের সার্ভারে কমপক্ষে ৩(তিন) মাস সংরক্ষণ করতে হবে;

(৫) বিআরটিএ'র ওয়েবসাইট এবং রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের এ্যাপসে অভিযোগ দায়ের ও নিস্পত্তির গতিবিধি অনুসরণের সুবিধাসহ সুনির্দিষ্ট ব্যবস্থা থাকতে হবে। বিআরটিএ ও রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান অনলাইনে প্রাপ্ত অভিযোগ প্রচলিত বিধি মোতাবেক নিষ্পত্তিপূর্বক অভিযোগকারীকে অনলাইনে অবহিত করবে। কোনো ব্যক্তি মিথ্যা অভিযোগ করলে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৬) রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান অন্যকোনো পক্ষের কাছে ড্রাইভার বা যাত্রীর ব্যক্তিগত সনাক্তযোগ্য কোন তথ্য প্রকাশ করবে না। তবে, আইন প্রয়োগকারী সংস্থা বা বিআরটিএ বা অন্যকোনো অনুমোদিত কর্তৃপক্ষের প্রয়োজনে তা সরবরাহ করতে হবে। এছাড়া, যাত্রী সনাক্তকরণের বা যাত্রী এবং ড্রাইভারের মধ্যে যোগাযোগ রক্ষা করার প্রয়োজনে তা ব্যবহারযোগ্য হবে;

(৭) রাইডশেয়ারিং সার্ভিসে সেবাদানকারী কোন মোটরযানের মালিকানা সংশ্লিষ্ট প্রযুক্তি প্রতিষ্ঠান দাবি করতে পারবে না;

(৮) রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান রাইডশেয়ারিং এর সাথে জড়িত মোটরযান চালকের নিম্নবর্ণিত হালনাগাদ তথ্যাদি/ডকুমেন্ট সংরক্ষণ করবে।

(ক) ছবি
(খ) যাচাইকৃত জাতীয় পরিচয়পত্রের (Verified NID) কপি।
(গ) ড্রাইভারের বর্তমান ঠিকানার প্রমাণপত্র
(ঘ) মোবাইল ফোন নম্বরসহ যোগাযোগের তথ্যাদি
(ঙ) ড্রাইভিং লাইসেন্সের কপি
(চ) সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি

(৯) রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানকে সেবা প্রদানে ব্যবহৃত এপ্লিকেশন বিআরটিএ অথবা সরকার অনুমোদিত কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন করিয়ে নিতে হবে;

(১০) যাত্রীগণ যাতে স্মার্টফোনের মাধ্যমে রাইডশেয়ারিং সার্ভিসে নিয়োজিত চালকের ছবি, নাম, মোটরযানের রেজিস্ট্রেশন নম্বরসহ মোটরযানের অবস্থান ভালোভাবে অবলোকন করতে পারে সে সংক্রান্ত সুবিধাদি রাইডশেয়ারিং এপ্লিকেশনে অন্তর্ভুক্ত করতে হবে;

(১১) সেবাদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রতিটি যাত্রা পুলিশ কন্ট্রোল রুম প্রয়োজনে সরাসরি অবলোকন করতে পারে তার ব্যবস্থা রাখতে হবে;

(১২) যাত্রী ও চালকের নিরাপত্তা নিশ্চিতকল্পে পুলিশ কন্ট্রোল রুমকে জরুরি বার্তা বা সংকেত প্রেরণের একটি উপযুক্ত ব্যবস্থা এপ্লিকেশনে থাকতে হবে। সার্টিফিকেট

**অনুচ্ছেদ গ: রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান পদ্ধতি**

(১) কর্তৃপক্ষ প্রদত্ত রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট ব্যতীত কোনো রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনা করতে পারবে না;

(২) রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানকে 'এনলিস্টমেন্ট সার্টিফিকেট' এর জন্য অনলাইনে বিআরটিএ'র নিকট ফরম-ক অনুযায়ী আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে এনলিস্টমেন্ট ফিস ১,০০,০০০ (এক লক্ষ) টাকা, ট্রেড লাইসেন্স, ইটিআইএন সার্টিফিকেট, ভ্যাট ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে। এনলিস্টমেন্ট ফি সরকার কর্তৃক সময়ে সময়ে হ্রাস-বৃদ্ধি হতে পারে;

(৩) আবেদনপত্র প্রাপ্তির পর কর্তৃপক্ষ যাচাই-বাছাইপূর্বক ফরম-খ অনুযায়ী অনলাইনে এক বছর মেয়াদে রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান করবে;

(৪) "রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট" এর মেয়াদ শেষ হওয়ার তিনমাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে পারবে। নবায়ন ফিস প্রতিবছর ১০,০০০ (দশ হাজার) টাকা;

(৫) রাইড শেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের এনলিস্টমেন্ট সার্টিফিকেট হারিয়ে গেলে কিংবা নষ্ট হয়ে গেলে ১,০০০ (এক হাজার) টাকা ফি প্রদানপূর্বক প্রতিলিপি সংগ্রহ করতে পারবে;

(৬) রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানে ঠিকানা বা অন্য কোনো পরিবর্তনের কারণে রাইডশেয়ারিং প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেটে বর্ণিত বিবরণের কোনো সংশোধনী আনয়নের প্রয়োজন হলে ১,০০০ (এক হাজার) টাকা ফি প্রদান করে সংশোধন করতে পারবে।

**অনুচ্ছেদ ঘ: রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান পদ্ধতি**

(১) কর্তৃপক্ষ কর্তৃক প্রাইভেট মোটরযানের অনুকূলে প্রদত্ত রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট ব্যতীত কোনো রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান বা মোটরযানের মালিক বা চালক অন্য কোনো মোটরযান দ্বারা রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনা করতে পারবে না;

(২) রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট এর জন্য কর্তৃপক্ষের ওয়েবসাইটে ইনস্টলকৃত ওয়েবপোর্টাল এর মাধ্যমে অনলাইনে কর্তৃপক্ষের নিকট ফরম-গ অনুযায়ী আবেদন করতে হবে। আবেদনের সাথে মোটরযানের নিম্নবর্ণিত তথ্যাদি দাখিল করতে হবে:

(ক) রেজিস্ট্রেশন সার্টিফিকেট;

(খ) হালনাগাদ ফিটনেস সার্টিফিকেট;

(গ) হালনাগাদ ট্যাক্সটোকেন;

(ঘ) চালকের হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স;

(ঙ) মালিক ও চালক উভয়ের জাতীয় পরিচয়পত্র;

(চ) মালিকের টিআইএন সার্টিফিকেট।

(৩) রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট একবারে সর্বোচ্চ ৩ (তিন) বছর মেয়াদে প্রদান করা যাবে। মেয়াদ শেষে তা নবায়ন করা যাবে। প্রতি বছরের জন্য রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট ফিস হবে মোটরসাইকেলের জন্য ৫০০ (পাঁচশত) টাকা এবং অন্যান্য মোটরযানের ক্ষেত্রে ১০০০ (এক হাজার) টাকা।

(৪) আবেদনপত্র প্রাপ্তির পর কর্তৃপক্ষ আবেদন যাচাই-বাছাইপূর্বক ফরম-ঘ অনুযায়ী অনলাইনে রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান করবে;

(৫) রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট হারিয়ে গেলে কিংবা নষ্ট হয়ে গেলে ১০০০ (এক হাজার) টাকা ফি প্রদানপূর্বক প্রতিলিপি সংগ্রহ করা যাবে;

(৬) রাইডশেয়ারিং মোটরযানের মালিক বা চালক বা মালিকের ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত মালিক বা চালকের বিবরণ রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেটে অন্তর্ভুক্তির জন্য ৫০০ (পাঁচশত) টাকা ফি প্রদান করে সংশোধন করা যাবে।

**অনুচ্ছেদ ঙ: রাইডশেয়ারিং সার্ভিসের ভাড়ার হার**

রাইডশেয়ারিং সার্ভিসের আওতায় চলাচলকৃত ব্যক্তিগত মোটরকারের ভাড়া 'ট্যাক্সিক্যাব সার্ভিস গাইডলাইন, ২০১০' অনুযায়ী নির্ধারিত ভাড়া অপেক্ষা বেশী হতে পারবে না। তবে, কোনো কারণে ভাড়া সংক্রান্ত যাত্রি অসন্তোষ সৃষ্টি হলে সে ক্ষেত্রে সরকার ভাড়া নির্ধারণ/পুনঃনির্ধারণ করতে পারবে।

**অনুচ্ছেদ চ: অন্যান্য বিষয়**

(১) বিআরটিএ এর ওয়েবসাইটে এই গাইড লাইনের আওতায় অনলাইনে কার্যক্রম সম্পাদনের জন্য ওয়েবপোর্টাল স্থাপন ও এতদ্‌সংক্রান্ত তথ্য বিআরটিএ এর ডাটাবেজে সংরক্ষণসহ যাবতীয় কারিগরি সহায়তা রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান নিজ খরচে প্রদান করবে;

(২) বর্ণিত ওয়েবপোর্টাল বিআরটিএ এর নিজস্ব সম্পত্তি হবে এবং যাবতীয় সিকিউরিটি সিস্টেম ও পাসওয়ার্ড বিআরটিএ এর নিকট হস্তান্তর করতে হবে;

(৩) এই গাইডলাইনে বর্ণিত যাবতীয় ফি মোটরযান কর ও ফি জমাদানের ন্যায় বিআরটিএ এর অনলাইন ব্যাংকিং সিস্টেমে জমা প্রদান করতে হবে। এজন্য সফটওয়্যারে প্রয়োজনীয় সুযোগ থাকবে;

(৪) রাইডশেয়ারিং সার্ভিসে নিয়োজিত চালকের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে;

(৫) রাইডশেয়ারিং সার্ভিসে নিয়োজিত চালকের এপ্লিকেশন লগ-ইন এবং লগ-অফ করার ক্ষমতা থাকতে হবে;

(৬) রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানকে রাইডশেয়ারিং সার্ভিসের যাবতীয় তথ্যাবলী বাংলাদেশের মধ্যেই প্রক্রিয়াজাত এবং সংরক্ষণ করতে হবে এবং কোনো তথ্য কোনোভাবেই বাংলাদেশের বাইরে প্রেরণ করা যাবে না;

(৭) কর্তৃপক্ষ এবং রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহ রাইড শেয়ারিং সম্পর্কিত এ্যাপসসমূহের ওয়েব এবং মোবাইল উভয় ভার্সনে ইংরেজির পাশাপাশি বাংলা ভাষাও অন্তর্ভুক্ত করতে হবে।;

(৮) রাইড শেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের কল সেন্টার সপ্তাহে প্রতিদিন ২৪ ঘন্টা খোলা থাকতে হবে।

**অনুচ্ছেদ ছ: আইনানুগ ব্যবস্থা গ্রহণ**

(১) এ নীতিমালার শর্ত ভঙ্গ করে বা শর্তের ব্যত্যয় ঘটিয়ে কোনো রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান কোনো কার্যক্রম পরিচালনা করলে সংশ্লিষ্ট রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের এনলিস্টমেন্ট সার্টিফিকেট বাতিল ও রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের কার্যক্রম বন্ধ করাসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(২) এ নীতিমালার কোনো শর্তের ব্যত্যয় ঘটিয়ে বা এ নীতিমালা বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনার কোনো ব্যত্যয় ঘটিয়ে কোনো রাইডশেয়ারিং মোটরযান মালিক বা চালক কোনো কার্যক্রম পরিচালনা করলে সংশ্লিষ্ট রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্টে সার্টিফিকেট বাতিল ও মোটরযানের রাইডশেয়ারিং কার্যক্রম বন্ধ করাসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৩) বিদ্যমান মোটরযান আইন ও বিধিতে বর্ণিত চালকের দায়িত্ব-কর্তব্য সংক্রান্ত বিধি-বিধান মেনে চলা ছাড়াও রাইডশেয়ারিং মোটরযান চালককে নিম্নবর্ণিত বিষয়াদি মেনে চলতে হবে:

(ক) ট্রাফিক আইন মেনে চলা;

(খ) যে কোন দূরত্বে যাত্রীবহন করা;

(গ) যাত্রীদের সাথে সৌজন্য রক্ষা করে আচরণ করা;

(ঘ) সার্ভিস পরিচালনা কালে ধুমপানসহ যে কোন ধরণের নেশাজাতীয় দ্রব্য গ্রহণ হতে বিরত থাকা;

(ঙ) মোটরযানের রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ফিটনেস সার্টিফিকেট, ট্যাক্স টোকেন, ইনসিওরেন্স সার্টিফিকেট, রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট ইত্যাদি প্রযোজ্য কাগজপত্র সঙ্গে রাখা;

(চ) কর্তৃপক্ষ এবং রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহ সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট যাত্রি এবং চালকের ব্যক্তিগত তথ্যাদি আইনগতভাবে তথ্য পাওয়ার অধিকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান ব্যতিত অন্য কাউকে সরবরাহ করবে না।

(৪) এ নীতিমালার অধীন যাত্রী এবং রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার সাথে যুক্ত বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের মধ্যে কোনো ধরনের বিরোধ সৃষ্টি হলে সংশ্লিষ্ট রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান উদ্ভূত সমস্যার সমাধান করবে; যদি সমস্যার সমাধান করা সম্ভব না হয় উক্ত ক্ষেত্রে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) আপীল কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবে।

**অনুচ্ছেদ জ: নীতিমালার সংশোধন/সংযোজন/পরিবর্তন সম্পর্কিত**

সরকার প্রয়োজনে এ নীতিমালার সংশোধন/সংযোজন/পরিবর্তন করতে পারবে।

ফরম-ক

**রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট এর জন্য আবেদন ফরম**

বরাবর
পরিচালক(ইঞ্জিনিয়ারিং)/উপ-পরিচালক(ইঞ্জিনিয়ারিং)
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।

**বিষয়: রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট এর জন্য আবেদন।**

আমি রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট এর জন্য নিম্নেবর্ণিত তথ্যাদি/দলিলাদি দাখিল করলাম:

১। রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের নাম:

২। রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের রেজিস্টার্ড ঠিকানা (হেড অফিস):

ক) বাড়ি নম্বর:......................., খ) রোড নম্বর:.................., গ) থানা:............................,

ঘ) জেলা:................................................, ঙ) ই-মেইল:...........................................,

চ) মোবাইল নম্বর: .......................................

৩। বিদেশী রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের আঞ্চলিক ঠিকানা(যদি থাকে):

ক) যাত্রির পূর্ণ নাম: ............................................ খ) বাড়ি নম্বর:..........................,

গ) রোড নম্বর:.............................., ঘ) থানা:......................................,

ঙ) জেলা:..........................................., চ) ই-মেইল:.........................................

৪। রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের ব্যবসায়িক এ্যাপস এর নাম:

৫। রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের এ্যাপস এর প্রস্তুতকারী প্রতিষ্ঠান:

৬। রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান বাংলাদেশের যে এলাকায় সেবা প্রদানে ইচ্ছুক:

৭। রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত এনলিস্টমেন্ট ফিস এর পরিমান:

৮। সংযুক্ত কাগজপত্রের বিবরণ:

আমি/আমরা অঙ্গিকার করছি যে, উপরি বর্ণিত যাবতীয় তথ্যাদি সঠিক এবং রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার অনুমতি পেলে ''রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭'' এর সকল শর্তাবলি মেনে চলতে বাধ্য থাকবো।

রাইডশেয়ারিং সার্ভিস সেবাদানকারী কোন প্রতিষ্ঠান এ নীতিমালার কোন শর্ত ভঙ্গ করলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বর্ণিত অবস্থায়, উপরিউক্ত প্রতিষ্ঠানকে রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার নিমিত্তে এনলিস্ট করার জন্য অনুরোধ করা হলো।

আবেদনকারীর স্বাক্ষর, নাম ও পদবি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমানবন্দর সড়ক
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ফরম- খ

রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট

সার্টিফিকেট নম্বর: ইস্যুর তারিখ:

মেয়াদ:

প্রতিষ্ঠানের নাম:

ঠিকানা:

ক) বাড়ি নম্বর:........................., খ) রোড নম্বর:.................., গ) থানা:................................,

ঘ) জেলা:...................................................., ঙ) ই-মেইল:.............................................

চ) মোবাইল নম্বর .................................

প্রতিষ্ঠানের এপ্লিকেশন (এ্যাপস) এর নাম:

উপরোক্ত সেবাদানকারী প্রতিষ্ঠানকে "রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭" এর সংশ্লিষ্ট শর্তাবলী প্রতিপালনপূর্বক রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার শর্তে রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান হিসেবে এনলিস্ট করা হলো।

রাইডশেয়ারিং সার্ভিস সেবাদানকারী কোন প্রতিষ্ঠান এ নীতিমালার কোন শর্ত ভঙ্গ করলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে।

অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি

**ফরম-গ**

রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট এর জন্য আবেদন ফরম

বরাবর

পরিচালক(ইঞ্জিনিয়ারিং)/উপ-পরিচালক(ইঞ্জিনিয়ারিং)

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।

**বিষয়:** রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট এর জন্য আবেদন।

আমি/আমরা রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট এর জন্য নিম্নেবর্ণিত তথ্যাদি/দলিলাদি দাখিল করলাম:

১। মোটরযানের (ক) রেজিস্ট্রেশন নম্বর:

(খ) চেসিস নম্বর:

(গ) ইঞ্জিন নম্বর:

২। রেজিস্ট্রেশন সার্টিফিকেট অনুযায়ী মোটরযান মালিকের নাম:

৩। রেজিস্ট্রেশন সার্টিফিকেট অনুযায়ী মোটরযান মালিকের ঠিকানা:

৪। রেজিস্ট্রেশন মোটরযান মালিকের স্থায়ী ঠিকানা:

৫। মোটরযানের ট্যাক্সটোকেন, ফিটনেস, ইনসিওরেন্স এর মেয়াদ:

৬। চালকের নাম, পিতার নাম ও ঠিকানা (ড্রাইভিং লাইসেন্স অনুযায়ী):

৭। চালকের ড্রাইভিং লাইসেন্স নম্বর, শ্রেণি, ইস্যুকারী কর্তৃপক্ষ ও মেয়াদ:

৮। মোটরযান মালিকের জাতীয় পরিচয়পত্র নম্বর:

৯। মোটরযান চালকের জাতীয় পরিচয়পত্র নম্বর:

১০। রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান ও এপ্লিকেশনের নাম:

১১। এনলিস্টমেন্টের জন্য দাখিলকৃত ফিস এর পরিমাণ:

১২। সংযুক্ত দালিলাদির বিবরণ:

আমি/আমরা অঙ্গিকার করছি যে, উপরি বর্ণিত যাবতীয় তথ্যাদি সঠিক এবং রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার অনুমতি পেলে ‘‘রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭’’ এর সকল শর্তাবলি মেনে চলতে বাধ্য থাকবো।

রাইডশেয়ারিং সার্ভিস সেবাদানকারী কোন প্রতিষ্ঠান এ নীতিমালার কোন শর্ত ভঙ্গ করলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বর্ণিত অবস্থায়, উপরোক্ত মোটরযানকে রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার নিমিত্তে এনলিস্ট করার জন্য অনুরোধ করা হলো।

মোটরযান মালিকের স্বাক্ষর

চালকের স্বাক্ষর

রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমানবন্দর সড়ক
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ফরম- ঘ

## রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট

১। সার্টিফিকেট নম্বর: ইস্যুর তারিখ:

২। মোটরযানের রেজিস্ট্রেশন নম্বর:

৩। মোটরযানের চ্যাসিস নম্বর ও ইঞ্জিন নম্বর:

৪। মোটরযান মালিকের নাম ও ঠিকানা:

৫। রাইডশেয়ারিং সেবাদানকারী প্রযুক্তি প্রতিষ্ঠান
ও এপ্লিকেশন (এ্যাপস) এর নাম:

৬। রাইডশেয়ারিং সার্ভিস এলাকা:

উপরি-উক্ত মোটরযানকে ‘‘রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭’’ এর সংশ্লিষ্ট সকল শর্তাবলী প্রতিপালনপূর্বক রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার শর্তে রাইডশেয়ারিং মোটরযান হিসেবে এনলিস্ট করা হলো।

রাইডশেয়ারিং সার্ভিস সেবাদানকারী কোন প্রতিষ্ঠান এ নীতিমালার কোন শর্ত ভঙ্গ করলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে।

অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd